গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
**সঞ্চয় শাখা**
www.ird.gov.bd

তারিখঃ ২৩ মে ২০১৫/ ৯ জ্যৈষ্ঠ, ১৪২২ বঙ্গাব্দ

## প্রজ্ঞাপন

নং-০৮.০০.০০০০.০৪১.২২.০০৩.৯৭(অংশ)/১৪৫ - The Public Debt Act, 1944-এর ধারা-২৮ এবং Sanchayapatra Rules, 1977 (Amendment up to February 2012)-এর Rule-44 এর Note (2) এ প্রদত্ত ক্ষমতা বলে - সরকার Sanchayapatra Rules 1977 (Amendment up to February 2012); পরিবার সঞ্চয়পত্র নীতিমালা, ২০০৯; পেনশনার সঞ্চয়পত্র নীতিমালা, ২০০৪; The Post Office Savings Bank Rules; The Wage-Earner Development Bond Rules, 1981 (Amendment up to 30 June 2012) নিম্নরূপভাবে অধিকতর সংশোধন করিল, যথাঃ-

| ক্র/ নং | সঞ্চয় স্কীমের নাম | বিদ্যমান মুনাফার হার | পুনর্নির্ধারিত মুনাফার হার |
|---|---|---|---|
| ০১। | পরিবার সঞ্চয়পত্র (৫-বছর মেয়াদি) | ১৩.৪৫% | ১১.৫২% |
| ০২। | পেনশনার সঞ্চয়পত্র (৫-বছর মেয়াদি) | ১৩.১৯% | ১১.৭৬% |
| ০৩। | ডাকঘর সঞ্চয় ব্যাংক-মেয়াদি হিসাব (৩-বছর মেয়াদি) | ১৩.২৪% | ১১.২৮% |
| ০৪। | ৫-বছর মেয়াদি বাংলাদেশ সঞ্চয়পত্র | ১৩.১৯% | ১১.২৮% |
| ০৫। | ৩-মাস অন্তর মুনাফাভিত্তিক সঞ্চয়পত্র (৩-বছর মেয়াদি) | ১২.৫৯% | ১১.০৪% |

১) Sanchayapatra Rules, 1977 (Amendment up to February 2012)

(ক) উপরি-উক্ত Rules এর Rule-44 এর স্থলে নিম্নরূপ Rule-44 প্রতিস্থাপিত হইবে-

"44. The profit on each denomination of Sanchayapatra on completion of specific period from the date of issue will be given at the rate shown in the following table-1 with effective from May 23, 2015

**Table-1: Year-wise profit rate**

| Period (On completion of) | 5-Year Bangladesh Sanchayapatra | Tin Mash Antar Munafa Vittik 3-Year Sanchayapatra |
|---|---|---|
| 1 | 2 | 3 |
| 1 Year | 9.35% | 10.00% |
| 2 Year | 9.80% | 10.50% |
| 3 Year | 10.25% | 11.04% |
| 4 Year | 10.75% | ---------- |
| 5 Year | 11.28% | ---------- |

চলমান পাতা-০২

(খ) উপরি-উক্ত Rules এর Rule-44 এর পর উল্লিখিত Note: (1) এর পরিবর্তে নিম্নরুপ Note: (1) প্রতিস্থাপিত হইবে-

"Note: (1) Sanchayapatra(s) purchased before May 23, 2015 will earn profit at the prevailing rate of that time and will continue to do so till completion of the period for which that was / were issued."

(গ) উপরি-উক্ত Rules এর Rule-44 এর পর উল্লিখিত Note: (3) এর পরিবর্তে নিম্নরুপ Note: (3) প্রতিস্থাপিত হইবে-

"Note: (3) Installment(s) at 3-months interval against every investment in Tin Mash Antar munafa Vittik Sanchayapatra will be paid at the highest rate of 11.04% *i.e.* Taka 2,760 (Two thousand seven hundred sixty) deducting income tax/levy if any against taka 1 (one) lakh investment. But in case of withdrawal of principal invested amount profit will be payable at the rate shown in the table and excess amount paid if any as 3 monthly installment shall be adjusted deducting from the principal amount."

২। পরিবার সঞ্চয়পত্র নীতিমালা, ২০০৯

(ক) উপরি-উক্ত নীতিমালার অনুচ্ছেদ-৬ এর উপানুচ্ছেদ (১), (২) ও (৩) এর পরিবর্তে নিম্নরুপ উপানুচ্ছেদ (১), (২) ও (৩) প্রতিস্থাপিত হইবে-

"(১) মুনাফার হারঃ ১১.৫২% মেয়াদান্তে। পরিবার সঞ্চয়পত্রের বছরভিত্তিক প্রদেয় মুনাফার হার নিম্নোক্ত ছক-১ অনুযায়ী প্রদেয় হইবেঃ

**ছক-১: পরিবার সঞ্চয়পত্রের বছরভিত্তিক প্রদেয় মুনাফার হার**

| নগদায়ন কাল | মুনাফার হার |
|---|---|
| ১ | ২ |
| ১ম বছরান্তে | ৯.৫০% |
| ২য় বছরান্তে | ১০.০০% |
| ৩য় বছরান্তে | ১০.৫০% |
| ৪র্থ বছরান্তে | ১১.০০% |
| ৫ম বছরান্তে | ১১.৫২% |

টীকা: (১) পূর্ণমেয়াদের জন্য ১ (এক) লক্ষ টাকায় প্রতি মাসে মুনাফার কিস্তি সর্বোচ্চ ১১.৫২% হারে টাকা ৯৬০.০০ (নয়শত ষাট) মাত্র প্রদেয় হইবে। প্রযোজ্য ক্ষেত্রে উৎসে আয়কর কর্তন/লেভী কর্তন হইবে। কিন্তু যেক্ষেত্রে মেয়াদ উত্তীর্ণ হইবার পূর্বে বিনিয়োগকৃত টাকা উত্তোলন করা হইবে, সেক্ষেত্রে উপরের ছক-১ (পরিবার সঞ্চয়পত্রে বছরভিত্তিক প্রদেয় মুনাফার হার)-এ প্রদর্শিত বছরভিত্তিক হারে মুনাফা প্রদেয় হইবে এবং অতিরিক্ত অর্থ পরিশোধিত হইয়া থাকিলে উহা মূল টাকা হইতে কর্তন করিয়া সমন্বয়পূর্বক অবশিষ্ট মূল টাকা পরিশোধ করিতে হইবে।

(২) বিভিন্ন মূল্যমানের পরিবার সঞ্চয়পত্রের মুনাফার পরিমাণ নিম্নরুপ হইবে-

চলমান পাতা-০৩

**ছক-১ (ক): বিভিন্ন মুল্যমানের সঞ্চয়পত্রে মাসিক ভিত্তিতে প্রদেয় মুনাফার পরিমাণঃ**

| বিনিয়োগের পরিমাণ (টাকায়) | মাসিক ভিত্তিতে প্রদেয় মুনাফার পরিমাণ (টাকায়) |
|---|---|
| ১ | ২ |
| (ক) ১০,০০০.০০ | ৯৬.০০ |
| (খ) ২০,০০০.০০ | ১৯২.০০ |
| (গ) ৫০,০০০.০০ | ৪৮০.০০ |
| (ঘ) ১,০০,০০০.০০ | ৯৬০.০০ |
| (ঙ) ২,০০,০০০.০০ | ১,৯২০.০০ |
| (চ) ৫,০০,০০০.০০ | ৪,৮০০.০০ |
| (ছ) ১০,০০,০০০.০০ | ৯,৬০০.০০ |

টীকা: (১) মাসিক মুনাফা উত্তোলনের পর ৫ (পাঁচ) বছর মেয়াদ শেষে মূল বিনিয়োগকৃত অর্থ ফেরত পাওয়া যাইবে।

(৩) পরিবার সঞ্চয়ত্রে মেয়াদপূর্তির পূর্বে নগদায়ন করিলে গৃহীত মাসিক মুনাফা কর্তনপূর্বক অবশিষ্ট অর্থ ফেরত দেওয়া হইবে। ১ (এক) লক্ষ টাকার পরিবার সঞ্চয়পত্র ক্রয় করিয়া মেয়াদপূর্তির পূর্বে নগদায়ন করিলে নিম্নোক্ত ছক-১ (খ) মোতাবেক অর্থ ফেরত পাওয়া যাইবে-

ছক-১ (খ): পরিবার সঞ্চয়পত্রে মেয়াদপূর্তির পূর্বে নগদায়নের ক্ষেত্রে ১ (এক) লক্ষ টাকায় ফেরতযোগ্য টাকার পরিমাণঃ

| সময়সীমা | মাসিক মুনাফা উঠাইয়া বিনিয়োগকৃত অর্থ ফেরত গ্রহণ করিলে প্রাপ্য টাকার পরিমাণ |
|---|---|
| ১ | ২ |
| ১ম বৎসর চলাকালীন | ১,০০,০০০ - গৃহীত মুনাফা |
| ২য় বৎসর চলাকালীন | ১,০৯,৫০০- গৃহীত মুনাফা |
| ৩য় বৎসর চলাকালীন | ১,২০,০০০- গৃহীত মুনাফা |
| ৪র্থ বৎসর চলাকালীন | ১,৩১,৫০০ - গৃহীত মুনাফা |
| ৫ম বৎসর চলাকালীন | ১, ৪৪,০০০ - গৃহীত মুনাফা |

২। পেনশনার সঞ্চয়পত্র নীতিমালা, ২০০৪

(ক) উপরি-উক্ত নীতিমালার অনুচ্ছেদ-১০ এর উপানুচ্ছেদ (১), (২) ও (৩) এর পরিবর্তে নিম্নরুপ উপানুচ্ছেদ (১), (২) ও (৩) প্রতিস্থাপিত হইবে-

"(১) মুনাফার হারঃ ১১.৭৬% মেয়াদান্তে। পেনশনার সঞ্চয়পত্রের বছরভিত্তিক প্রদেয় মুনাফার হার নিম্নোক্ত ছক-১ অনুযায়ী প্রদেয় হইবেঃ

**ছক-১: পেনশনার সঞ্চয়পত্রের বছরভিত্তিক প্রদেয় মুনাফার হার**

| নগদায়ন কাল | মুনাফার হার |
|---|---|
| ১ | ২ |
| ১ম বছরান্তে | ৯.৭০% |
| ২য় বছরান্তে | ১০.১৫% |
| ৩য় বছরান্তে | ১০.৬৫% |
| ৪র্থ বছরান্তে | ১১.২০% |
| ৫ম বছরান্তে | ১১.৭৬% |

চলমান পাতা-০৪

টীকা: (১) পূর্ণমেয়াদের জন্য ১ (এক) লক্ষ টাকায় প্রতি ৩ (তিন) মাস অন্তর মুনাফার কিস্তি সর্বোচ্চ ১১.৭৬% হারে টাকা ২,৯৪০.০০ (দুই হাজার নয়শত চল্লিশ) মাত্র প্রদেয় হইবে। প্রযোজ্য ক্ষেত্রে উৎসে আয়কর কর্তন/লেভী কর্তন হইবে। কিন্তু যেক্ষেত্রে মেয়াদ উত্তীর্ণ হইবার পূর্বে বিনিয়োগকৃত টাকা উত্তোলন করা হইবে, সেক্ষেত্রে উপরের ছক-১ (পেনশনার সঞ্চয়পত্রে বছরভিত্তিক প্রদেয় মুনাফার হার)-এ প্রদর্শিত বছরভিত্তিক হারে মুনাফা প্রদেয় হইবে এবং অতিরিক্ত অর্থ পরিশোধিত হইয়া থাকিলে উহা মূল টাকা হইতে কর্তন করিয়া সমন্বয়পূর্বক অবশিষ্ট মূল টাকা পরিশোধ করিতে হইবে।

(২) বিভিন্ন মূল্যমানের পেনশনার সঞ্চয়পত্রের মুনাফার পরিমাণ নিম্নরুপ হইবে-

**ছক-১ (ক): বিভিন্ন মূল্যমানের পেনশনার সঞ্চয়পত্রের ত্রৈমাসিক ভিত্তিতে প্রদেয় মুনাফার পরিমাণঃ**

| বিনিয়োগের পরিমাণ (টাকায়) | ত্রৈমাসিক ভিত্তিতে প্রদেয় মুনাফার পরিমাণ (টাকায়) |
|---|---|
| ১ | ২ |
| (ক) ৫০,০০০.০০ | ১,৪৭০.০০ |
| (খ) ১,০০,০০০.০০ | ২,৯৪০.০০ |
| (গ) ২,০০,০০০.০০ | ৫,৮৮০.০০ |
| (ঘ) ৫,০০,০০০.০০ | ১৪,৭০০.০০ |
| (ঙ) ১০,০০,০০০.০০ | ২৯,৪০০.০০ |

টীকা: (১) পেনশনার সঞ্চয়পত্রে ত্রৈমাসিক মুনাফা উত্তোলনের পর ৫ (পাঁচ) বছর মেয়াদ শেষে মূল বিনিয়োগকৃত অর্থ ফেরত পাওয়া যাইবে।

(৩) পেনশনার সঞ্চয়পত্রে মেয়াদপূর্তির পূর্বে নগদায়ন করিলে গৃহীত ত্রৈমাসিক মুনাফা কর্তনপূর্বক অবশিষ্ট অর্থ ফেরত দেওয়া হইবে। ১ (এক) লক্ষ টাকার সঞ্চয়পত্র ক্রয় করিয়া মেয়াদপূর্তির পূর্বে নগদায়ন করিলে নিম্নোক্ত ছক-১ (খ) মোতাবেক অর্থ ফেরত পাওয়া যাইবে-

**ছক-১ (খ): মেয়াদপূর্তির পূর্বে নগদায়নের ক্ষেত্রে ১ (এক) লক্ষ টাকায় ফেরতযোগ্য টাকার পরিমাণ**

| সময়সীমা | ৩-মাস অন্তর মুনাফা উত্তোলন করিয়া বিনিয়োগকৃত অর্থ ফেরত গ্রহণ করিলে প্রাপ্য টাকা |
|---|---|
| ১ | ২ |
| ১ম বৎসর চলাকালীন | ১,০০,০০০ - গৃহীত মুনাফা |
| ২য় বৎসর চলাকালীন | ১,০৯,৭০০- গৃহীত মুনাফা |
| ৩য় বৎসর চলাকালীন | ১,২০,৩০০- গৃহীত মুনাফা |
| ৪র্থ বৎসর চলাকালীন | ১,৩১,৯৫০ - গৃহীত মুনাফা |
| ৫ম বৎসর চলাকালীন | ১, ৪৪,৮০০ - গৃহীত মুনাফা |

৪। The Post Office Savings Bank Rules

(ক) উপরি-উক্ত Rules এর Rule 36-B এর clause (e) এর sub-clause (i) –এর পরিবর্তে নিম্নরুপ sub-clause (i) প্রতিস্থাপিত হইবে-

"(i) The rate of profit to be allowed on fixed deposit for different periods are as follows:

চলমান পাতা-০৫

**Table-1: Year-wise rate of profit**

| Period | Rate of profit |
|---|---|
| 1 | 2 |
| Deposit for one year | 10.20% |
| Deposit for two years | 10.70% |
| Deposit for three years | 11.28% |

(খ) উপরি-উক্ত Rules এর Rule 36-B এর clause (e) এর sub-clause (ii) –এর পরিবর্তে নিম্নরুপ sub-clause (ii) প্রতিস্থাপিত হইবে-

"(ii) Profit for each period of 6 (six) months or over but not for a period of less than 6 (six) months to be calculated as follows:

**Table-1: Year-wise rate of profit**

| Period | Rate of profit |
|---|---|
| 1 | 2 |
| Deposit for one year | 9.00% |
| Deposit for two years | 9.50% |
| Deposit for three years | 10.00% |

৫। The Wage Earner Development Bond Rules, 1981 (Amendment up to July 2012)

(ক) উপরি-উক্ত Rules এর Rule-4 এর Sub-rule (1) এর স্থলে নিম্নরুপ Sub-rule (1) প্রতিস্থাপিত হইবে-

"(1) The Bond(s) shall mature for payment on or after five years from the date of its purchase but the Bond-holder may surrender the Bond(s) and encash the same at the paying office after 6 (six) months of purchase when he will be paid the principal amount together with interest on premature encashment at the rate specified below:

**Table-1: Payable rate of interest**

| Premature encashment | Rate of Interest Payable |
|---|---|
| 1 | 2 |
| (a) Before 6 (six) months from the date of issue | No interest |
| (b) On completion of 6 (six) months but before 12 months | 8.70% for six months |
| (c) On completion of 12 (twelve) months but before 18 months | 9.45% for 12 months |
| (d) On completion of 18 months but before 24 months | 10.20% for 18 months |
| (e) On completion of 24 months but before 60 months | 11.20% for 54 months |
| (f) On completion of 60 months and thereafter | 12.00% for 60 Months |

চলমান পাতা-০৬

Note: - Half-yearly interest if drawn for any half-year be adjusted from the amount allowed on the above basis.

(খ) উপরি-উক্ত Rules এর Rule-4 এর Sub-rule (2) এর স্থলে নিম্নরুপ Sub-rule (2) প্রতিস্থাপিত হইবে-

"(2) The Bond-holder will be entitled to draw interest on half-yearly basis at 12% per annual. Any interest if not drawn will be paid with principal Amount on maturity with the benefit of compound interest at 12% on half-yearly basis."

৬। ওয়েজ আর্নার ডেভেলপমেন্ট বন্ড (৫-বছর মেয়াদি)–এর ক্ষেত্রে সামাজিক নিরাপত্তা প্রিমিয়াম সমন্বয়পূর্বক মুনাফার হার ১২% -এ নির্ধারণ করা হইল। ফলশ্রুতিতে ওয়েজ আর্নার ডেভেলপমেন্ট বন্ড এর সুদের হার অপরিবর্তিত থাকিবে।

৭। সঞ্চয় স্কীমসমূহের মুনাফার উপর আরোপিত উৎসে আয়কর কর্তন বহাল এবং সামাজিক নিরাপত্তা প্রিমিয়াম প্রদানের বর্তমান বিধান বাতিল করা হইল।

৮। হিসাবের সুবিধার্থে মাসিক/৩-মাস/ ৩-বছর (মেয়াদান্তে)/ ৫-বছর (মেয়াদান্তে) মেয়াদি সঞ্চয় স্কীমসমূহের মুনাফার পরিমাণ ৫ (পাঁচ) গুনিতক সংখ্যায় নির্ধারণ করা হইল।

৯। জনস্বার্থে জারীকৃত এই আদেশ ২৩ মে, ২০১৫ তারিখ হইতে কার্যকর হইবে এবং উক্ত তারিখের পুর্বের ক্রয়কৃত সকল সঞ্চয় স্কীমসমূহের ক্ষেত্রে ক্রয়কালীন সময়ে বিদ্যমান হারে মুনাফা প্রযোজ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে-

২৮/৫/১৫

(মোঃ নজিবুর রহমান)
সচিব

চলমান পাতা-৭